

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

২৮ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১২ Sep ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.১৮.২২৬.২৩.৩৫১

বিষয়: ফুটেক্স (বাংলাদেশ) গার্মেন্ট ম্যানুফ্যাকচারিং কোম্পানী লিমিটেড নামক ১০০% রপ্তানীমুখী “তৈরী পোশাক (নীট ও ওভেন)” উপ-খাতের বস্ত্র শিল্প কারখানার অনুকূলে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত টেক্সটাইল মেশিনারীজ ও সহায়ক যন্ত্রাংশ সমূহ ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীকরণ প্রসংগে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং- ১০৭৮, তারিখঃ ১১/০৯/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আলোকে জানানো যাচ্ছে যে, ফুটেক্স (বাংলাদেশ) গার্মেন্ট ম্যানুফ্যাকচারিং কোম্পানী লিমিটেড, অফিস ও কারখানাঃ দক্ষিণ গৌরিপুর, আশুলিয়া, সাভার, ঢাকা নামক কারখানাটি ১০০% রপ্তানীমুখী বস্ত্র শিল্প প্রতিষ্ঠান। যার নিবন্ধন সংখ্যা-আরএমজি/ইএক্সপি/এফ ০০০১১৬৮-২৩, তারিখ: ২১/০৮/২০২৩ খ্রিঃ এবং শিল্প উপ-খাত: তৈরী পোশাক (নীট ও ওভেন) উদ্যোক্তা বিদ্যমান কারখানার সুষমকরণ/আধুনিকীকরণ/প্রতিস্থাপন ও সম্প্রসারণের নিমিত্তে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের আমদানী পারমিট (আই, পি) জারীর লক্ষ্যে সুপারিশ প্রেরণের আবেদন করেছেন। উল্লেখ্য, বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের অপেক্ষায় চট্টগ্রাম কাষ্টমস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রয়েছে। আবেদন পত্রের সহিত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের ইনভয়েস নং-ZHI FA-2301, তারিখ- ০৪-০৯-২০২৩ খ্রিঃ, এয়ারওয়ে বিল/বিল অব লেডিং নং- 230674366, তারিখ-০৭-০৯-২০২৩ খ্রিঃ, যার ইনভয়েস মূল্য USD=363900.00 দাখিল করেছেন। প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ কারখানার অবস্থানঃ দক্ষিণ গৌরিপুর, আশুলিয়া, সাভার, ঢাকা এলাকায় স্থাপন করবেন বলে জানিয়েছেন।

২। বর্ণিত অবস্থায়, কারখানার নামে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ খালাস করার লক্ষ্যে আমদানী নীতি ২০২১-২০২৪ এর বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে নিম্নবর্ণিত শর্তে প্রয়োজনীয় ইম্পোর্ট পারমিট (আই.পি) জারী করার জন্য সুপারিশ করা হলো।

শর্তসমূহঃ

(ক) বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের বিপরীতে কোন মূল্য পরিশোধ করা যাবে না।

(খ) প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ নিজস্ব কারখানার ঠিকানাঃ দক্ষিণ গৌরিপুর, আশুলিয়া, সাভার, ঢাকা এলাকায় স্থাপন করতে হবে।

(গ) উল্লেখিত মেশিনারীজ/যন্ত্রাংশ অন্য কোথাও বিক্রয় বা হস্তান্তর করা যাবে না এবং সরকারের অন্যান্য দপ্তর সংস্থার যাবতীয় বিধিবিধান প্রতিপালন করতে হবে।



১২-০৯-২০২৩

রাজু আহমেদ

উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন,
ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.১৮.২২৬.২৩.৩৫১/১ (৫)

২৮ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১২ Sep ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমিশনার, কাস্টমস হাউজ, চট্টগ্রাম;
- ২। কমিশনার, কাস্টম বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা;
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, ফুটেক্স (বাংলাদেশ) গার্মেন্ট ম্যানুফ্যাকচারিং কোম্পানী লিমিটেড, অফিস ও কারখানাঃ দক্ষিণ গৌরিপুর, আশুলিয়া, সাভার, ঢাকা;
- ৪। সহকারি রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য) এবং
- ৫। ওয়ানস্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।



A handwritten signature in black ink, appearing to be 'M. K. M.', written over a horizontal line.

১২-০৯-২০২৩

মৃত্যুঞ্জয় কুমার মহন্ত
সহকারি পরিচালক